

ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের ২০২১ শিক্ষাবর্ষে প্রথম শ্রেণিতে ভর্তির লটারি গতকাল রোববার শুরু হয়েছে। তিন দিনব্যাপী এ লটারি আজ সোমবার ও আগামীকালও অনুষ্ঠিত হবে। আজ ইংরেজি প্রভাতি শাখার লটারি সকাল সাড়ে ৮টা থেকে সকাল সাড়ে ১০টা, আজিমপুর দিবা বেলা সাড়ে ১১টা থেকে দুপুর দেড়টা, ধানমন্ডি প্রভাতির আড়াইটা থেকে বিকেল সাড়ে ৪টা, বসুন্ধরা দিবার বিকেল ৫টা থেকে সন্ধ্যা ৭টায় অনুষ্ঠিত হবে।